



# পিতৃত্ব প্রতিষ্ঠা

## পিতৃত্বের স্বীকৃতি (Acknowledgment of Paternity, AOP) প্রত্যাহার করা

যেকোনো পিতামাতা স্বাক্ষর করার 60 দিনের মধ্যে AOP প্রত্যাহার করতে পারেন। নাবালক সন্তানের পিতামাতাগণ সন্তানের বয়স 18 বছর হওয়ার 60 দিনের মধ্যে AOP প্রত্যাহার করতে পারেন। শিশুটির পিতামাতার যেকোনো একজন কোনো আইনি মামলায় জড়িত থাকলে এই নিয়মগুলির কিছু ব্যতিক্রম আছে।

## অভিবাসী পিতামাতা

শিশু সহায়তা কর্মসূচি ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষদের সাথে পিতৃত্ব এবং শিশু সহায়তার তথ্য শেয়ার করে না। পিতৃত্বের স্বীকৃতির ফর্ম উভয় পিতামাতার সোশ্যাল সিকিউরিটি নম্বর দিতে হবে, কিন্তু উভয় পিতামাতার নিজস্ব বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকলেও ফর্মটি সম্পূর্ণ করা যেতে পারে।

পিতৃত্ব প্রতিষ্ঠার জন্য পিতামাতাদের, তাদের আবাস, অভিবাসন স্থিতি, বা নাগরিকত্ব সম্পর্কে তথ্য প্রদান করতে হয় না।

পিতৃত্ব প্রতিষ্ঠিত হলে এবং পিতার নাম বার্থ সার্টিফিকেটে থাকলে, বাচ্চাটিকে দেশের বাইরে নিয়ে যাওয়ার অনুমতি পাওয়ার আগে বাবা যে অনুমতি দিয়েছেন তা মা-কে দেখাতে হবে।

**প্রত্যেক শিশুর উভয় পিতামাতার থেকে মানসিক ও আর্থিক সহায়তা প্রয়োজন - এমনকি যদি তারা বর্তমানে আলাদা থাকেন বা কখনও বিবাহ না করেও থাকেন।**

**childsupport.ny.gov**

**888-208-4485 (TTY 866-875-9975)**



NEW YORK  
STATE OF  
OPPORTUNITY

Office of Temporary  
and Disability Assistance

**otda.ny.gov**

Pub-4719-BE (Rev. 08/15)

পিতামাতাদের কী জানতে হবে  
পিতৃত্ব প্রতিষ্ঠা মা, বাবার জন্য গুরুত্বপূর্ণ,  
তবে সবচেয়ে বেশি জরুরি বাচ্চাদের।



## পিতৃত্ব প্রতিষ্ঠার উপায় দুটি কী কী?

### স্বেচ্ছায় পিতৃত্বের স্বীকৃতি

অবিবাহিত পিতামাতার ক্ষেত্রে স্বেচ্ছায় পিতৃত্বের স্বীকৃতি নামে একটি ফর্ম (স্থানীয় হাসপাতাল, স্থানীয় কাউন্সিলর শিশু সহায়তা কার্যালয় এবং স্থানীয় জন্ম নিবন্ধকের কাছে পাওয়া যায়) স্বাক্ষর করার বিকল্প আছে। এর জন্য কোনো খরচ নেই, এটি সহজ ও সুবিধাজনক পদ্ধতি, কিন্তু সকলে এটি ব্যবহার করার যোগ্য নন। মনোযোগ সহকারে AOP ফর্মটি পড়া নিশ্চিত করুন কারণ আইনগত ভাবে এটি একটি আদালতের আদেশের সমান।

যুগলদ্বয়ের কখন AOP স্বাক্ষর করা উচিত নয় তার উদাহরণ নিচে দেওয়া হল:

- গর্ভবতী হওয়ার সময় বা গর্ভবতী থাকাকালীন সময় থেকে শিশুটির জন্ম পর্যন্ত মা আইনসিদ্ধ ভাবে কারোর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হলে।
- মা আলাদা হয়ে গেলে এবং আইনগত ভাবে তার স্বামির সাথে বিবাহ বিচ্ছেদ না হয়ে থাকলে।
- সে যে বাবা এই বিষয়ে লোকটি নিশ্চিত না হলে।

আপনার প্রশ্ন থাকলে, আপনার চিকিৎসা প্রদানকারী, শিশু সহায়তা কর্মী, স্থানীয় জন্ম নিবন্ধক, আপনার আইনজীবীকে জিজ্ঞাসা করুন, বা [childsupport.ny.gov](http://childsupport.ny.gov)-এ নিউ ইয়র্ক স্টেট শিশু সহায়তা ওয়েবসাইট দেখুন।

### একটি পিতৃত্বের আবেদন দাখিল করা

আপনি পারিবারিক আদালতের সুনানির মাধ্যমে পিতৃত্ব প্রতিষ্ঠা করতে চাইলে বা করতে হলে, শিশুটির পিতৃত্ব নির্ণয় করার জন্য আদালত DNA পরীক্ষার আদেশ দিতে পারে। এই পরীক্ষাটির জন্য মা, সন্তান, এবং কথিত বাবাকে একটি নির্ধারিত ল্যাবে যেতে হবে যেখানে একজন ল্যাব টেকনিশিয়ান প্রত্যেক ব্যক্তির গালের ভিতরের দিকে একটি তুলোর বল ঘষবেন। ল্যাবের ফলাফল আদালতে পাঠানো হয়। কোনো শিশুর পিতৃত্ব নির্ণয় করার জন্য DNA পরীক্ষা হল সবচেয়ে নির্ভুল পদ্ধতি।

## পিতৃত্ব প্রতিষ্ঠা

জন্মের সময় কোনো শিশুর পিতামাতা আইনগতভাবে বিবাহিত না হলে, আইন শিশুটির পিতাকে আইনি পিতা হিসাবে স্বীকৃতি দেয় না এবং শিশুটির উপর তাকে কোনো অধিকার দেয় না বা দায়িত্ব অর্পণ করে না। জন্মদাতা পিতা যাতে আইনি পিতা হতে পারেন তার জন্য আপনাকে কিছু পদক্ষেপ নিতে হবে, আর সেটাই হল পিতৃত্ব প্রতিষ্ঠার উপায়।

আপনার সন্তানের আইনি পিতা হওয়া মানে এই নয় যে আপনি শিশু সহায়তা প্রদান করবেন বা হেফাজত পাবেন বা আপনার সন্তানের সাথে দেখা করতে পারবেন। হেফাজত এবং দেখা করার জন্য পিতৃত্ব প্রতিষ্ঠা বা শিশু সহায়তার থেকে আলাদা, একটি আদালতের সুনানি প্রয়োজন।

## পিতৃত্ব এত গুরুত্বপূর্ণ কেন?

### বাচ্চাটির জন্য:

- উভয় পিতামাতার একটি আইনি পরিচয় প্রতিষ্ঠা করা।
- বাচ্চার বার্থ সার্টিফিকেটে পিতার নাম থাকা নিশ্চিত করা।
- পরিবারের চিকিৎসা সংক্রান্ত ইতিহাসে অ্যাক্সেস।
- শিশু সহায়তা, সামাজিক সুরক্ষা, প্রবীণদের সুযোগ সুবিধা, সেনাবাহিনীতে কাজ করার ভাতা এবং উত্তরাধিকার সহ উভয় পিতামাতার থেকে আর্থিক সহায়তা পাওয়া।
- উপলভ্য হলে, যে কোনো পিতামাতার থেকে স্বাস্থ্য বা জীবন বিমায় অ্যাক্সেস।

### মায়ের জন্য:

- পিতামাতার দায়িত্বগুলি শেয়ার করার সহায়তা।
- বাচ্চাটির জন্য বর্ধিত আর্থিক নিরাপত্তা।
- উপলভ্য হলে, বাচ্চাটির জন্য চিকিৎসা সংক্রান্ত বিমায় অ্যাক্সেস।

### বাবার জন্য:

- পিতার অধিকারের আইনি প্রতিষ্ঠা এবং বাচ্চার বার্থ সার্টিফিকেটে নাম।
- আদালতের-আদেশকৃত হেফাজত বা দেখা করার অধিকার।
- দত্তকের মামলা সম্পর্কে খবর পাওয়া এবং বক্তব্য রাখার অধিকার।
- মা বাচ্চাটির যত্ন করতে অক্ষম হয়ে পড়লে অধিকারগুলির সুরক্ষা।